

আজ ৭ ডিসেম্বর, ২০১৭, বৃহস্পতিবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে বাংলাদেশ বায়ো সেফটি এন্ড বায়ো সিকিউরিটি এ্যাসোসিয়েশনের এনুয়্যাল কনফারেন্স ২০১৭-এ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যশোর ইউনিভার্সিটি অফ সায়েন্স এন্ড টেকনোলজি-এর মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ডা. মোঃ আনোয়ার হোসেন, বাংলাদেশ আর্মড ফোর্সেস-এর ডিরেক্টর জেনারেল অফ ডিরেক্টরেট জেনারেল মেডিক্যাল সার্ভিস সম্মানিত মেজর জেনারেল (ডা.) এসএম মোতাহার হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. নিয়াজ আহমেদ। কনফারেন্সে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি এন্ড ইমেজিং বিভাগের অধ্যাপক ডা. আহমেদ আবু সালেহ উপস্থিত ছিলেন।

